মাননীয়া মুখ্যমন্ত্রী **মমতা বন্দ্যোপাধ্যায়ের** উদ্যোগে

পশ্চিমবঙ্গ সরকার, তথ্য ও সংস্কৃতি বিভাগ

রাজ্য চারুকলা পর্ষদ আয়োজিত

পশ্চিমবঙ্গ চারুকলা উৎসব

চারুকলা প্রদর্শনী, ২৭ নভেম্বর - ৪ ডিসেম্বর ২০২৫

রাজ্য চারুকলা পর্ষদ, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার আয়োজিত 'পশ্চিমবঙ্গ চারুকলা উৎসব ২০২৫' অনুষ্ঠিত হতে চলেছে। চারুকলা প্রদর্শনী, চারুকলা মেলা ও আলোচনাসভার সমন্বয়ে এই উৎসব একাডেমী অফ ফাইন আর্টস, রবীন্দ্রসদন-নন্দন প্রাঙ্গণ, একতারা মুক্তমঞ্চ, রবীন্দ্রসদন ও গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় অনুষ্ঠিত হবে। কেবলমাত্র **প্রতিযোগিতামূলক চারুকলা প্রদর্শনী**-তে প্রদর্শিত শিল্পকর্মের মধ্যে থেকে নির্বাচিত শ্রেষ্ঠ শিল্পকর্মগুলিকে পুরস্কৃত করা হবে।

প্রতিযোগিতামূলক প্রদর্শনী (বয়সসীমা : ২৫ থেকে অনূর্ধ্ব ৫০ বৎসর) ও **কেবলমাত্র প্রদর্শনী**-তে (বয়সসীমা : ২৫ ঊর্ধ্ব) অংশগ্রহণের জন্য অর্থাৎ দুটি বিভাগের ক্ষেত্রেই নিজের সৃষ্ট সর্বোচ্চ ৪টি পৃথক শিল্পকর্মের ফোটোগ্রাফ (৫"x ৭" অথবা ৬"x ৮"মাপের) ২২ সেপ্টেম্বর ২০২৫-র মধ্যে নিম্নলিখিত ঠিকানায় জমা দিতে আহ্বান করা হচ্ছে। বয়সের প্রমাণপত্র, পরিচয়পত্র, পাসপোর্ট সাইজের ছবি সহ একটি সংক্ষিপ্ত জীবনপঞ্জী (ঠিকানা, যোগাযোগ নম্বর ও হোয়াটসঅ্যাপ নম্বর) সঙ্গে দিতে হবে।

শিল্প মাধ্যম এবং শিল্পকর্মের সর্বাধিক মাপ

চিত্রকলা (Painting) সর্বাধিক মাপ ৬' x ৫' (দৈর্ঘ্য x প্রস্থ), ভাস্কর্য (Sculpture) সর্বাধিক মাপ ৩' x ৩' x ৫' (দৈর্ঘ্য x প্রস্থ x উচ্চতা) ছাপাই ছবি (Graphics) ও নিউ মিডিয়া আর্ট (New Media Art) সর্বাধিক মাপ ৪' x ৪' x ৫' (দৈর্ঘ্য x প্রস্থ x উচ্চতা) আলোকচিত্র (Photography) সর্বাধিক মাপ ৫' x ৩' (দৈর্ঘ্য x প্রস্থ)

নিয়মাবলি

১। উপরিউক্ত বিভাগগুলির শিল্পকর্ম মৌলিক হতে হবে, অন্য কোন প্রতিযোগিতামূলক প্রদর্শনীতে প্রদর্শিত শিল্পকর্ম গ্রহণ করা হবে না।
২। জানুয়ারি ২০২৪-র পূর্বে রচিত শিল্পকর্ম গ্রাহ্য করা হবে না।
৩। কেবলমাত্র পশ্চিমবঙ্গে বসবাসকারী শিল্পীরা অংশগ্রহণ করতে পারবেন।
৪। শিল্পকর্মের ফোটোগ্রাফস পর্যবেক্ষণের মাধ্যমে প্রাথমিকভাবে নির্বাচিত শিল্পকর্মের তালিকা প্রকাশিত হবে এবং প্রাথমিকভাবে নির্বাচিত শিল্পীদের দূরাভাষেও অবগত করা হবে।
৫। প্রাথমিকভাবে নির্বাচিত শিল্পকর্মগুলি উপযুক্ত ফ্রেম করে সঙ্গে High Resolution JPEG image, 300 Dpi সরাসরি চারুকলা ভবনে জমা দিতে হবে ও প্রদর্শনীর শেষে পর্ষদ নির্ধারিত দিনের মধ্যে অতি অবশ্যই শিল্পকর্মটি ফেরত নিতে হবে।
৬। চূড়ান্তভাবে নির্বাচিত শিল্পীদের সঙ্গে পর্ষদের তরফ থেকে দূরভাষে যোগাযোগ করা হবে এবং পর্ষদ কার্যালয় থেকে নির্বাচন পত্র দেওয়া হবে।
৭। প্রাথমিক নির্বাচনের জন্য জমা দেওয়া শিল্পকর্মের ফোটোগ্রাফ ও তথ্যাবলি ফেরত যোগ্য নয়।
৮। প্রতিযোগিতামূলক প্রদর্শনী ও কেবলমাত্র প্রদর্শনীতে অংশগ্রহণ উভয় ক্ষেত্রেই নির্বাচকমণ্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত।
৯। ভঙ্গুর মাধ্যম দিয়ে সৃষ্ট শিল্পকর্মগুলি জমা দেওয়ার ক্ষেত্রে সম্পূর্ণ দায়িত্ব অংশগ্রহণকারী শিল্পীর।

আগামী ২২/০৯/২০২৫ তারিখের মধ্যে সকল তথ্য ও শিল্পকর্মের আলোকচিত্রসহ আবেদন সদস্য সচিব, রাজ্য চারুকলা পর্ষদ তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, চারুকলা ভবন, ১/১, আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা - ৭০০ ০২০ এই ঠিকানায় (প্রতিদিন দুপুর ১টা থেকে সন্ধ্যে ৭টার মধ্যে) জমা করতে হবে। দূরভাষ (০৩৩)২২২৩৫৩১৭ (দুপুর ১২.৩০ থেকে সন্ধ্যা ৬.৩০)।

মাননীয়া মুখ্যমন্ত্রী **মমতা বন্দ্যোপাধ্যায়ের** উদ্যোগে

পশ্চিমবঙ্গ সরকার, তথ্য ও সংস্কৃতি বিভাগ

রাজ্য চারুকলা পর্ষদ আয়োজিত

পশ্চিমবঙ্গ চারুকলা উৎসব

চারুকলা মেলা, ২৭ নভেম্বর - ৪ ডিসেম্বর ২০২৫

রাজ্য চারুকলা পর্ষদ আয়োজিত **চারুকলা মেলা ২০২৫** উপলক্ষ্যে রবীন্দ্রসদন ও নন্দন সংলগ্ন প্রাঙ্গণে অস্থায়ী স্টলে শিল্পকর্ম প্রদর্শনের ব্যবস্থা করা হবে। পশ্চিমবঙ্গের জেলাগুলি থেকে শিল্পী দল (গ্রুপ) বা শিল্পীরা একটি গ্রুপ আকারে (কমপক্ষে ৫জন) মেলার স্টলগুলিতে তাঁদের সৃষ্ট শিল্পকর্ম প্রদর্শন করার সুযোগ পাবেন। এই মেলায় যোগদানের জন্য শিল্পীদল (গ্রুপ) গুলিকে নিম্নবর্ণিত আবেদনপত্র D.T.P.অথবা নিজের হাতে লিখে সঠিকভাবে পূরণ করতে হবে।

(স্টলের আবেদনপত্র)

চারুকলা মেলা ২০২৫

শিল্পী দলের (গ্রুপের)নাম.....

ঠিকানা..... পিন কোড নং .....

ই-মেল.....হোয়াটসঅ্যাপ নম্বর.....যোগাযোগের নম্বর.....

গ্রুপের সদস্য সংখ্যা..... (সদস্যদের ঠিকানা, জীবনপঞ্জী, ফোন নং, আধার কার্ডের ফোটোকপি ও কমপক্ষে দুটি করে প্রতি সদস্যের শিল্পকর্মের নমুনা ফোটোগ্রাফ (কমপক্ষে ৫"x৭") আকারে সংযুক্ত করতে হবে)

আমি আবেদনকারী গ্রুপের পক্ষ থেকে রাজ্য চারুকলা পর্ষদ কর্তৃক নির্দেশিত(১ থেকে ১২ পর্যন্ত) নিয়মাবলি মানতে বাধ্য থাকব।

....

স্থান ও তারিখ আবেদনকারীর শিল্পী দলের পক্ষে স্বাক্ষর

.....

নিয়মাবলি

(১) **চারুকলা মেলা ২০২৫**-এ প্রদর্শিত শিল্পকর্মগুলি চিত্র, ভাস্কর্য, ছাপাই ছবি, ফোটোগ্রাফি ও সিরামিক হওয়া আবশ্যক এবং তা শিল্পীর নিজস্ব শিল্পকর্ম হওয়া বাঞ্ছনীয়। (২) কমপক্ষে ৫জন শিল্পী একসাথে গ্রুপ করে আবেদন করতে পারবেন। (৩) নির্দিষ্ট একটি জেলার শিল্পীরা একত্রিত হয়ে শিল্পীদল গঠন করলে তবেই জেলার দল হিসাবে বিবেচিত হবে (৪) পর্ষদের পক্ষ থেকে আটদিনের জন্য অস্থায়ী স্টলের সাথে প্রয়োজনীয় আলো, একটি টেবিল ও ২টি চেয়ার দেওয়া হবে। (৫) প্রদর্শিত শিল্পকর্মগুলির মূল্য যথাসম্ভব কম রাখা বাঞ্ছনীয়।(৬) স্টলগুলির মধ্যে শিল্পকর্ম ব্যতীত কোন প্রকার দাহ্যবস্তু রাখা ও অগ্নিসংযোগ নিষিদ্ধ। (৭) মেলা প্রাঙ্গণ বিকাল ২টা থেকে ৮টা পর্যন্ত খোলা থাকবে। (৮) মেলা চলাকালীন মেলায় যোগদানকারী শিল্পী দলগুলিকে নিজেদের শিল্পকর্মের রক্ষণাবেক্ষণের দায়ভার গ্রহণ করতে হবে। (৯) একজন শিল্পী কেবলমাত্র একটি শিল্পীদলের প্রতিনিধি হিসাবে আবেদন করতে পারবেন অন্যথায় সংশ্লিষ্ট দলগুলির আবেদন বাতিল করা হবে। (১০) স্টলগুলিতে শিল্পকর্ম প্রদর্শনের জন্য সকল দায়িত্বই (যেমন ছবি প্রদর্শনের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম) অংশগ্রহণকারী শিল্পদলগুলির নিজস্ব। (১১) পর্ষদ কর্তৃক নির্বাচিত শিল্পী দলগুলিই চারুকলা মেলায় অংশগ্রহণ করতে পারবে। (১২) সকল ক্ষেত্রে পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত।

আগামী ২২/০৯/২০২৫ তারিখের মধ্যে সকল তথ্য ও শিল্পকর্মের ফোটোগ্রাফসহ আবেদন সদস্য সচিব, রাজ্য চারুকলা পর্ষদ, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, চারুকলা ভবন, ১/১, আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা - ৭০০ ০২০ এই ঠিকানায় প্রতিদিন দুপুর ১টা থেকে সন্ধ্যে ৭টার মধ্যে জমা করতে হবে। দূরভাষ (০৩৩)২২২৩৫৩১৭ (দুপুর ১২.৩০ থেকে সন্ধ্যা ৬.৩০)।